

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৬০

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (ৠৄর্র্ছু) এর কতিপয় দু'আর নমুনা

আরবী

وَعَنْ زِيَادِ بِنِ عِلاَقَةَ عَن عَمِّهِ وَهُوَ قُطْبَةُ بِنُ مَالِكٍ قَالَ: كَانِ النَّبِيَّ عَيَالِي يَقُولُ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ مُنْكَرَاتِ الأَخْلاَقِ، وَالأَعْمَالِ والأَهْواءِ رواه الترمذي، وقال حديث حسن

বাংলা

(৩৬৬০) যিয়াদ ইবনে ইলাকাহ স্বীয় চাচা কুত্ববাহ ইবনে মালিক (রাঃ) হতে বর্ণনা করেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই দু'আ পড়তেন, ''আল্লা-হুন্মা ইন্নী আউযু বিকা মিন মুনকারা-তিল আখলা-ক্নি অলআ'মা-লি অলআহওয়া-'।''

অর্থাৎ, হে আল্লাহ! অবশ্যই আমি তোমার নিকট দুশ্চরিত্র, অসৎ কর্ম ও কুপ্রবৃত্তি থেকে আশ্রয় চাচ্ছি।

ফুটনোট

(তিরমিযী ৩৫৯১, হাসান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন